

# দাবি না মানলে অবস্থান কর্মসূচি চালাবেন শিক্ষার্থীরা

পঞ্চ হাসপাতাল

নিজস্ব প্রতিবেদক

২০ মে ২০২৫, ১২:০০ এএম



৭ দফা দাবিতে গতকাল ঢাকা জেলা কার্যালয় ঘেরাও করে কবি নজরুল কলেজের শিক্ষার্থীরা -আমাদের সময়

পাঁচ দফা দাবিতে পরিচালকের কক্ষের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন জাতীয় অর্থপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোরে) বা পঞ্চ হাসপাতালের পাঁচ বছর মেয়াদি বিএসসি ইন ফিজিওথেরাপি কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা। দাবি না মানলে এই অবস্থান কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা।

গতকাল সোমবার কর্মসূচি শেষে আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতিনিধি আশিকুর রহমান আমাদের সময়কে এ তথ্য জানান। তিনি বলেন, কর্মসূচি চলকালে হাসপাতালের পরিচালক কার্যালয়ে ছিলেন না। তার পক্ষে হাসপাতালে উপপরিচালক ও ড্যাবের প্রতিনিধিমণ কথা বলতে যান। তারা শিক্ষার্থীদের আন্দোলনকে ঘোষিক মনে করলেও পরিচালকের অনুপস্থিতিতে কোনো সিদ্ধান্তে পৌঁছাতে পারেননি। এর আগেও অন্তত চার মাস সরকারের পক্ষ থেকে একটি চিঠি পরিচালক বরাবর দিলেও সেই চিঠি তিনি খুলে দেখেননি। তাই শিক্ষার্থীরা দাবি না মানা পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেন।

বাংলাদেশ ফিজিওথেরাপি স্কুলেন্ট ইউনিয়নের (বাপসু) সাধারণ সম্পাদক আব্দুর রহমান বলেন, দীর্ঘদিন ধরে একাধিক সমস্যায় জর্জারিত ও বৈষম্যের শিকার। শিক্ষার্থীদের দাবিগুলো হলো—  
পর্যাপ্ত শিক্ষক সংকট নিরসনের জন্য দ্রুত শূন্য পদে নিয়োগ বাস্তবায়ন; ফিজিওথেরাপি বিভাগের (ক্লিনিকাল পোস্ট) শূন্য পদগুলো দ্রুত নিয়োগ ব্যবস্থা করা; জাতীয় অর্থপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে ফিজিওথেরাপি বিষয়ের ওপর স্নাতকোত্তর কোর্স মাস্টার্স ইন ফিজিওথেরাপি দ্রুত চালু করা; ইন্টার্ন ফিজিওথেরাপিস্টদের ইন্টার্ন ভাতা নিশ্চিত করা এবং পর্যাপ্ত ক্লাসরুম, ফিজিওথেরাপি ল্যাব ও ছেলেমেয়েদের পৃথক কমনরুম ব্যবস্থা করা।